Cosmo School

**নবম ও দশম শ্রেণি**

**বাংলা ২য়পত্র**

---

১. ধ্বনির প্রতীক বা সংকেতকে কী বলে?
ক) ধ্বনি খ) বর্ণ
গ) অক্ষর ঘ) কার

২. ‘ব্যাকরণ’ শব্দের সঠিক অর্থ কোনটি?
ক) বিশেষভাবে বিভাজন খ) বিশেষভাবে বিশ্লেষণ
গ) বিশেষভাবে বিয়োজন ঘ) বিশেষভাবে সংযোজন

৩. বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় কোনটি?
ক) ধ্বনিতত্ত্ব খ) প্রবন্ধ রচনা
গ) ভাব-সম্প্রসারণ ঘ) বিরচন

৪. ণত্ব বিধান ও ষত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়ে থাকে?
ক) শব্দতত্ত্বে খ) ধ্বনিতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে ঘ) পদক্রমে

৫. ‘বচন, লিঙ্গ, সমাস’ ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক) রূপতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব

৬. প্রকৃতি কয় প্রকার?
ক) তিন প্রকার খ) চার প্রকার
গ) দুই প্রকার ঘ) পাঁচ প্রকার

৭. কোন বিষয়টি ধ্বনিতত্ত্বে আলোচিত হয়?
ক) বাগধারা খ) সমাস
গ) কারক ঘ) সন্ধি

৮. ব্যাকরণের আলোচ্য বিষয় চারটি কী কী?
ক) ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব বা পদক্রম, অর্থতত্ত্ব
খ) ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব, ভাষাতত্ত্ব, শব্দতত্ত্ব
গ) রূপতত্ত্ব, পদক্রম, ভাষাতত্ত্ব, শব্দতত্ত্ব
ঘ) বাক্যতত্ত্ব, ভাষাতত্ত্ব, ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব

৯. ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা কী?
ক) ব্যাকরণ পাঠের ফলে ভাষার কাল নির্ণয় করা যায়
খ) ব্যাকরণ মানুষকে রুচিশীল করে
গ) ব্যাকরণ পাঠ করে ভাষায় বিভিন্ন উপাদানের গঠন প্রকৃতি জানা যায়
ঘ) চরিত্রবান হওয়া যায়

১০. ক্রিয়ার কাল ও পুরুষ ব্যাকরণের কোন তত্ত্বের আলোচ্য বিষয়?
ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) ছন্দতত্ত্ব

১১. ব্যাকরণের ‘ধ্বনিতত্ত্ব’ অংশে আলোচিত হয় -
ক) বর্ণ, সন্ধি, ণত্ব বিধান, ষত্ব বিধান
খ) শব্দ, পদ, লিঙ্গ, বচন, কারক, সমাস, প্রত্যয়
গ) বাক্য প্রকরণ, বাক্য, বাগধারা ইত্যাদি
ঘ) ওপরের সব কয়টি

১২. যেকোনো ভাষায় ব্যবহৃত বর্ণসমষ্টিকে সে ভাষার কী বলে?
ক) বর্ণ খ) বর্ণমালা
গ) ব্যঞ্জনবর্ণ ঘ) স্বরবর্ণ

১৩. উচ্চারণ স্থানের দিক থেকে ‘ক’ থেকে ‘ম’ পর্যন্ত ধ্বনিগুলোকে কয়টি গুচ্ছ বা বর্গে ভাগ করা হয়েছে?
ক) পাঁচটি খ) চারটি
গ) ছয়টি ঘ) দুইটি

১৪. শ, ষ, স, হ - এ চারটি বর্ণের নাম কী?
ক) উষ্ম বর্ণ খ) বর্গীয় বর্ণ
গ) কণ্ঠ্য বর্ণ ঘ) পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ

১৫. কোনটি বাকপ্রত্যঙ্গ নয়?
ক) তালু খ) নাসিকা
গ) দন্ত ঘ) ললাট

১৬. পার্শ্বিক ধ্বনি কোনটি?
ক) প খ) ল
গ) ও ঘ) ড়

১৭. শব্দে কোন ধ্বনির দুরকম উচ্চারণ পাওয়া যায়?
ক) অ ধ্বনি খ) আ ধ্বনি
গ) ই ধ্বনি ঘ) ঐ ধ্বনি

১৮. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

১৯. একাক্ষর শব্দের ‘ই’ এবং ‘ঈ’ দুটোই কোন ধ্বনি?
ক) হ্রস্ব স্বর খ) দীর্ঘ হয়

গ) হ্রস্ব ও দীর্ঘ হয় ঘ) প্রান্তিক হয়

২০. 'ক' বর্গের ধ্বনিসমূহের উচ্চারণ স্থান কোনটি?
ক) জিহ্বামূল খ) অগ্রতালু
গ) পশ্চাৎ দন্তমূল ঘ) অগ্র দন্তমূল

২১. 'ঝ' ধ্বনির উচ্চারণ স্থান কোনটি?
ক) ওষ্ঠ খ) কণ্ঠ
গ) মূর্ধা ঘ) তালু

২২. স্বরধ্বনির উচ্চারণস্থল কতটি?
ক) পাঁচটি খ) সাতটি
গ) ছয়টি ঘ) আটটি

২৩. 'অ' ধ্বনির কোন উচ্চারণে চোয়াল বেশি ফাঁক হয়?
ক) সংবৃত খ) অর্ধসংবৃত
গ) বিবৃত ঘ) অর্ধবিবৃত

২৪. 'হ' বর্ণে দ্যোতিত ধ্বনিটি কণ্ঠনালীতে উৎপন্ন হয় বলেই মূলত একে -
ক) শিস ধ্বনি বলে খ) অঘোষ ধ্বনি বলে
গ) উষ্ম ঘোষধ্বনি বলে ঘ) অঘোষ অল্পপ্রাণ ধ্বনি বলে

২৫. শরীরের কোন অঙ্গটিকে ধ্বনি তৈরির যন্ত্র বলা হয়?
ক) ঠোঁট খ) ফুসফুস
গ) দাঁত ঘ) জিহ্বা

২৬. প্রাতিপদিক কী?
ক) সাধিত শব্দ খ) বিভক্তিযুক্ত শব্দ
গ) বিভক্তিহীন নামশব্দ ঘ) উপসর্গযুক্ত শব্দ

২৭. নিচের কোনগুলো পর্তুগিজ শব্দ?
ক) আলমারি, গুদাম খ) চাহিদা, শিখ
গ) চা, চিনি ঘ) কুপন, ডিপো

২৮. ভাষা কী?
ক) উচ্চারণের প্রতীক খ) কণ্ঠের উচ্চারণ
গ) ভাব প্রকাশের মাধ্যম ঘ) ধ্বনির সমষ্টি

২৯. 'পাউরুটি' শব্দটি কোন ভাষার?
ক) পর্তুগিজ খ) ফরাসি
গ) গুজরাটি ঘ) পাঞ্জাবি

৩০. কোনটি ফারসি শব্দ?
ক) যাকাত খ) উকিল
গ) পয়গম্বর ঘ) চশমা

৩১. 'ডাক্তারখানা' মিশ্র শব্দটি কোন ভাষার শব্দ নিয়ে গঠিত?
ক) ইংরেজি+ফারসি খ) ইংরেজি+আরবি
গ) ইংরেজি+সংস্কৃত ঘ) বাংলা+আরবি

৩২. নিচের কোনটি তৎসম শব্দ?
ক) চন্দ্র/ধর্ম খ) গিন্নী
গ) ডিঙ্গা ঘ) ঈমান

৩৩. সংস্কৃত ভাষা থেকে আগত অপরিবর্তনীয় শব্দসমূহের নাম কী?
ক) তৎসম শব্দ খ) তদ্ভব শব্দ
গ) অর্ধতৎসম শব্দ ঘ) দেশি শব্দ

৩৪. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?
ক) ইংরেজি খ) জাপানি
গ) ওলন্দাজ ঘ) ফরাসি

৩৫. বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে কী বলে?
ক) অপিনিহিতি খ) পারিভাষিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) তৎসম শব্দ

৩৬. কোনটি অর্ধ-তৎসম শব্দ?
ক) সূর্য খ) সুনাম
গ) জবান ঘ) জ্যোছনা

৩৭. বাংলা ভাষায় চলিত রীতির বিশেষ বৈশিষ্ট্য কোনটি?
ক) আভিজাত্যপূর্ণ
খ) পদবিন্যাস সুনির্দিষ্ট
গ) কৃত্রিমতাবর্জিত
ঘ) কাঠামো অপরিবর্তনীয়

৩৮. 'চশমা' কোন ভাষার শব্দ?
ক) আরবি খ) ফারসি
গ) পর্তুগিজ ঘ) ওলন্দাজ

৩৯. মনের ভাব প্রকাশের প্রধান বাহন কোনটি?
ক) ভাষা খ) চিত্র
গ) ইঙ্গিত ঘ) আচরণ

৪০. বাংলা ভাষা ও সাহিত্যের যুগবিভাগ কয়টি?
ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

৪১. কোনটি মিশ্র শব্দ নয়?
ক) পকেটমার খ) চৌ-হদ্দী
গ) খ্রিষ্টাব্দ ঘ) হেডমাস্টার

৪২. বাংলা ভাষার কোন রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী?

ক) চলিত রীতি খ) কথ্য রীতি

গ) সাধুরীতি ঘ) আঞ্চলিক রীতি

৪৩. বাংলা বর্ণমালায় অনুনাসিক বর্ণ কয়টি?

ক) ৪টি খ) ৫টি

গ) ৬টি ঘ) ৭টি

৪৪. বাংলা বর্ণমালায় ব্যাঞ্জনবর্ণের সংখ্যা কতটি?

ক) ১৩টি খ) ১১টি

গ) ৪৯টি ঘ) ৩৯টি

৪৫. চ ও জ - এর পরে নাসিক্য ধ্বনি কী হয়?

ক) তালব্য খ) দন্ত্য

গ) মূর্ধন্য ঘ) ওষ্ঠ্য

৪৬. তর, তম, তন প্রত্যয়যুক্ত বিশেষণ পদের অন্ত 'অ' কী হয়?

ক) বিবৃত হয় খ) প্রকৃত হয়

গ) সংবৃত হয় ঘ) অপ্রকৃত হয়

৪৭. 'সায়াহ্ন' শব্দে 'হ্ন' কোন কোন বর্ণের মিলিত রূপ?

ক) হ্ + ন খ) হ্ + ণ

গ) ন্ + হ ঘ) ণ্ + হ

৪৮. ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?

ক) কার খ) ফলা

গ) মাত্রা ঘ) কষি

৪৯. অঘোষ মহাপ্রাণ ওষ্ঠ্য বর্ণ কোনটি?

ক) ট খ) ব

গ) ফ ঘ) ধ

৫০. ধ্বনি কিসের দ্বারা সৃষ্টি হয়?

ক) ফুসফুস খ) জিহ্বা

গ) বাগযন্ত্র ঘ) কণ্ঠধ্বনি